[১৯৮৬ সালের ১৫ এপ্রিল পর্যন্ত সংশোধিত]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কেবিনেট সচিবালয় (বিভাগ)
সংস্থাপন বিভাগ (জনপ্রশাসন মন্ত্রণালয়)
রেগুলেশন উইং
শাখা-৫

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭ অক্টোবর ১৯৭৯

এস. আর. ও নং ৩০৮-এল/৭৯/ইডি/আরভি-৮/৭৭-৫৪- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪০ এর দফা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিলেন, যথা:-

## বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯

১। এই প্রবিধানমালা বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ নামে অভিহিত হইবে।

২। এই প্রবিধানমালায় ''কমিশন'' অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন অধ্যাদেশ, ১৯৭৭ (১৯৭৭ সনের ৫৭ নং অধ্যাদেশ) এর অধীন গঠিত বাংলাদেশ সরকারি কর্ম কমিশন।

৩। সংবিধানের অনুচ্ছেদ ১৪০ এর দফা (২) এর উপ-দফা (ক) এবং (খ) এ বর্ণিত কোন বিষয়ে নিম্নবর্ণিত ক্ষেত্রে কমিশনের পরামর্শ গ্রহণ আবশ্যক হইবে না, যথা:-

(ক) এই প্রবিধানমালার তফসিল ১ এ নির্দিষ্টকৃত চাকরি ও পদসমূহ; এবং

(খ) কার্যবিধিমালা (Rules of Business), ১৯৭৫ এর অধীন যে সকল পদে নিয়োগের ক্ষেত্রে রাষ্ট্রপতির সুনির্দিষ্ট আদেশের প্রয়োজন হয়:

তবে শর্ত থাকে যে, এই প্রবিধানমালার বিধানাবলি নিম্নবর্ণিত বিষয়ে কোন প্রস্তাবের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা:-

(অ) সরকারের অধীন কোন সার্ভিস, ডির্পাটমেন্ট, বা কার্যালয়ে অথবা সরকারের অধীন কোন সার্ভিস, ডিপার্টমেন্ট বা কার্যালয়ের শাখার কোন পদে প্রবেশের জন্য নির্ধারিত বিদ্যমান যোগ্যতার পরিবর্তন; এবং

(আ) সরকারের অধীন নতুন কোন সার্ভিসে বা পদে প্রবেশের জন্য যোগ্যতা নির্ধারণ।

৪। কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না -

(ক) ইতোমধ্যে প্রথম শ্রেণির চাকরির একজন সদস্য বা প্রথম শ্রেণির পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তাকে প্রথম শ্রেণির চাকরিতে বা পদে নিয়োগের নিমিত্ত বাছাইয়ের (সিলেকশনের) ক্ষেত্রে;

(খ) অবসর গ্রহণ বা অব্যাতির পর সেকেন্ডমেন্ট বা চুক্তির মাধ্যমে নিয়োগপ্রাপ্ত প্রতিরক্ষা বাহিনীর কোন কর্মকর্তা বা সদস্যের কোন বেসামরিক চাকরিতে বা পদে নিয়োগের নিমিত্ত বাছাইয়ের (সিলেকশনের) ক্ষেত্রে;

(গ) কোন দ্বিতীয় শ্রেণির চাকরি বা পদ হইতে কোন কর্মকর্তাকে বদলির মাধ্যমে অন্য কোন দ্বিতীয় শ্রেণির চাকরিতে বা পদে নিয়োগের নিমিত্ত বাছাইয়ের (সিলেকশনের) ক্ষেত্রে;

(ঘ) নিম্ন অধস্তন কোন চাকরি বা, ক্ষেত্রমত, নিম্ন অধস্তন কোন পদ অথবা সরকার কর্তৃক নিম্ন অধস্তন কোন চাকরি বা, ক্ষেত্রমত, নিম্ন অধস্তন পদ হিসাবে ঘোষিত কোন বেসামরিক চাকরিতে বা বেসামরিক পদে নিয়োগের নিমিত্ত বাছাইয়ের (সিলেকশনের) ক্ষেত্রে;

(ঙ) নূতন জাতীয় স্কেলে ১৯ ও ২০ তম গ্রেডের কোন পদে নিয়োগের নিমিত্ত বাছাইয়ের (সিলেকশনের) ক্ষেত্রে;

(চ) কোন বিভাগীয় অফিস, জেলা অফিস বা অধস্তন কোন অফিসের কোন পদে নিয়োগের নিমিত্ত বাছাইয়ের (সিলেকশনের) ক্ষেত্রে, যদি উহাতে উক্ত অফিসের প্রধান বা অফিসের অন্য কোন কর্মকর্তা কর্তৃক নিয়োগ প্রদান করা যায়, তবে কেন্দ্রীয়ভাবে বিভাগীয় প্রধান কর্তৃক নিয়োগযোগ্য পদ ইহার অন্তর্ভুক্ত হইবে না;

(ছ) তৃতীয় শ্রেণির চাকরিতে ও পদে নিয়োগের নিমিত্ত বাছাইয়ের (সিলেকশনের) ক্ষেত্রে;

(জ) উপরি-উল্লিখিত দফা (ক) এবং (খ) এর কোন একটি পদ্ধতি অনুসরণ ব্যতীত, তফসিলে নির্দিষ্টকৃত চাকরিতে বা পদে নিয়োগের নিমিত্ত বাছাইয়ের (সিলেকশনের) ক্ষেত্রে।

৫। প্রবিধান ৪ এ যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত ক্ষেত্রে কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না-

(ক) কোন পদে নিয়োগের নিমিত্ত বাছাই (সিলেকশন), যেক্ষেত্রে উক্ত পদে বাংলাদেশের বাহির হইতে নিয়োগের নিমিত্ত বাছাই করিবার জন্য কমিশন সম্মতি প্রদান করিয়াছে এবং কমিশনের সহিত পরামর্শ ব্যতীত অনুরূপ নিয়োগে রাষ্ট্রপতির সম্মতি পাওয়া গিয়াছে;

(খ) প্রশিক্ষণ প্রতিষ্ঠানে শিক্ষামূলক পদ এবং আবহাওয়া সংক্রান্ত বিভাগে নিয়োগ ব্যতীত, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বেসামরিক পদে নিয়োগের নিমিত্ত বাছাই (সিলেকশন);

(গ) কোন পদে নিয়োগের নিমিত্ত বাছাই (সিলেকশন), যদি উক্ত পদে নিয়োগতব্য কর্মকর্তা ছয় মাসের অধিক পদে বহাল না থাকিবার সম্ভাবনা থাকে এবং কমিশন এইরূপ নিয়োগের জন্য প্রথম অনুরোধ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে কোন প্রার্থী সুপারিশে ব্যর্থ হয়:

তবে শর্ত থাকে যে, কমিশনের সহিত পরামর্শ করা না হইলে এবং কমিশন উক্তরূপ নিয়োগে সম্মতি প্রদান না করিলে, উক্তরূপ কর্মকর্তা ছয় মাসের অধিক উক্ত পদে অথবা উহার ধারাবাহিকতায় অন্য কোন পদে অধিষ্ঠিত থাকিবেন না;

(ঘ) চাকরির বয়স সমাপ্তিতে অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের চুক্তি ভিত্তিতে পুনঃনিয়োগ।

**ব্যাখ্যা**।- এই প্রবিধানে 'নিয়োগ" অর্থে অস্থায়ী নিয়োগ বা দাপ্তরিক ক্ষমতায় নিয়োগ অন্তর্ভুক্ত হইবে।

৬। অপসারণ, বরখাস্ত, চাকুরি হইতে বাধ্যতামূলক অবসর অথবা প্রথম শ্রেণির ও দ্বিতীয় শ্রেণির গেজেটেড পদ হইতে পদাবনতির শাস্তি আরোপের আদেশ প্রদান ব্যতীত, শৃঙ্খলামূলক কোন বিষয়ে কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না।

৭। প্রবিধান- ৬ এ যাহা কিছুই থাকুক না কেন, প্রতিরক্ষার সহিত সংশ্লিষ্ট কোন পদে নিযুক্ত কোন বেসামরিক ব্যক্তির শৃঙ্খলামূলক কোন বিষয়ে কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না।

৮। সমশ্রেণিভুক্ত চাকরিতে পদোন্নতি সম্পর্কিত কোন বিষয়ে কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না।

৮ক। নিম্ন অধস্তন পদ হইতে নিম্নমান করনিক পদ বা সমশ্রেণীর কোন পদে পদোন্নতি সম্পর্কিত কোন বিষয়ে কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না।

৯। খন্ডকালীন-পদে নিয়োগ সম্পর্কিত কোন বিষয়ে কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না।

১০। কোন ব্যক্তির প্রবেশন অবসায়নে কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না।

১১। শাস্তি হিসাবে ব্যতীত অন্য কোনভাবে কোন কর্মকর্তার বরখাস্ত বা পুনর্বহাল সম্পর্কিত কোন বিষয়ে কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না।

১২। চাকরির চুক্তির শর্তানুসারে কোন ব্যক্তির চাকরির অবসায়ন সম্পর্কিত কোন বিষয়ে কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না।

১৩। নির্ধারিত সময়ের মধ্যে কোন টেস্ট বা পরীক্ষায় উত্তীর্ণ হইবার ব্যর্থতার কারণে কোন বিধি বা আদেশে বর্ণিত শাস্তি আরোপের ক্ষেত্রে কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না।

১৪। শৃঙ্খলামূলক মামলায় আপিল, পুনর্বিবেচনা ও প্রার্থনাপত্র সম্পর্কিত কোন বিষয়ে কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না।

১৫। (১)The Bengal Public Service Commission Regulations, 1937 Ges The Public Service Commission (consultation by the Governor-General) Regulations, 1953 এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) এই প্রবিধানমালার অধীন যে সকল বিষয়ে কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না এই প্রবিধানমালা প্রবর্তনের পূর্বে কমিশনের নিকট প্রেরিত সেই সকল বিষয় প্রত্যাহার করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**তফসিল-১**

(প্রবিধান ৩ ও ৪ দ্রষ্টব্য)

গেজেটেড পদ

| মন্ত্রণালয়/ বিভাগ | | পদের নাম |
|---|---|---|
| রাষ্ট্রপতির সচিবালয় | ১।<br>২। | গোয়েন্দা সংস্থার সহকারী পরিচালক।<br>জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার মঞ্জুরিকৃত সকল পদ। |
| মন্ত্রিপরিষদ সচিবালয়,<br>সংস্থাপন বিভাগ | ১।<br>২।<br>৩।<br>৪। | প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব।<br>প্রধানমন্ত্রীর উপ-একান্ত সচিব।<br>প্রধানমন্ত্রীর গণযোগাযোগ কর্মকর্তা।<br>প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব। |
| পররাষ্ট্র বিষয়ক মন্ত্রণালয় | ১।<br>২।<br>৩।<br>৪। | সহকারী সচিব, সাইফার ব্যুরো।<br>সাইফার নিরাপত্তা কর্মকর্তা।<br>সাইফার কর্মকর্তা।<br>বিদেশে বাংলাদেশ মিশনে নিযুক্ত কর্মকর্তা।<br>সাইফার তত্ত্বাবধায়ক। |
| বাণিজ্য মন্ত্রণালয় | ১।<br>২। | ট্যারিফ কমিশনের চেয়ারম্যান।<br>ট্যারিফ কমিশনের সদস্য। |
| স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (স্বাস্থ্য বিভাগ) | ১। | মেডিকেল প্রাক্টিশনার্স (ন্যাশনাল সার্ভিসেস), ১৯৫০ এর অধীন নিযুক্ত চিকিৎসকগণের নিয়োগ । |
| আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় / আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | ১।<br>২।<br>৩।<br>৪।<br><br>৫।<br>৬।<br>৭।<br>৮। | ড্রাফ্টসম্যান ।<br>সরকারের সলিসিটর।<br>সরকারের উপ-সলিসিটর।<br>প্রেসিডেন্ট কাম জুডিসিয়াল মেম্বার, আয়কর আপিল ট্রাইব্যুনাল।<br>ডেপুটি ড্রাফ্টসম্যান।<br>সহকারী ড্রাফ্টসম্যান।<br>বার হইতে নিযুক্তব্য জেলা ও দায়রা জজ।<br>গবেষণা কর্মকর্তা। |
| ডাক, টেলিগ্রাফ ও টেলিফোন মন্ত্রণালয়/ ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | ১। | ডাক ও টেলিগ্রাফ এর সহকারী উপ-মহাপরিচালক (কেবল মেয়াদি পদে)। |
| শিক্ষা মন্ত্রণালয়( শিক্ষা বিভাগ) | | সরকারের শিক্ষা উপদেষ্টা। |
| তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/ তথ্য মন্ত্রণালয় | ১।<br>২।<br>৩।<br>৪।<br>৫।<br>৬। | পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা বিভাগ।<br>প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য বিভাগ।<br>পরিচালক, খবর বিভাগ।<br>উপ-প্রধান তথ্য কর্মকর্তা।<br>তথ্য কর্মকর্তা, প্রেস।<br>উপ-পরিচালক, গবেষণা ও প্রকাশনা । |
| অর্থ মন্ত্রণালয় | ১। | মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর একান্ত সচিব। |

**বাংলাদেশ রাইফেলস/বর্ডার গার্ড বাংলাদেশ এর পদসমূহ**

| | | |
|---|---|---|
| স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ১। | সকল সামরিক (কমব্যাটান্ট) পদ এবং সম্পূর্ণ সামরিক/ কমব্যাটান্ট প্রকৃতির অন্যান্য গেজেটেড পদ। |
| সকল মন্ত্রণালয় | ১।<br>২। | মন্ত্রী ও প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব।<br>মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রীর একান্ত সচিবগণ। |
| পরিকল্পনা কমিশন | ১।<br>২। | পরিকল্পনা কমিশনের চেয়ারম্যান ও সদস্য।<br>অস্থায়ী কর্মকর্তাগণ যাহারা ৩১ ডিসেম্বর, ১৯৭৪ সাল পর্যন্ত নিরবিচ্ছন্নভাবে দুই বৎসর বা অধিকসময় চাকরি করিয়াছেন। |

**তফসিল-২**

[১ ডিসেম্বর, ১৯৮৬ তারিখের এস.আর.ও. ৪৫৮ এ-এল/৮৬/এমই/আরআই/এস-৯/৮৬ এর দফা (গ) দ্বারা বিলুপ্ত]

রাষ্ট্রপতির আদেশক্রমে

(ফয়েজউদ্দীন আহমেদ)
সচিব